
আজকের কাগজ

তারিখ ... 19 MAR 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ২ ...

40

# ইঃ বিঃ'র ভিসির অপসারণের দাবিতে ছাত্রঐক্যের লাগাতার কর্মসূচি

নিজাম উদ্দিন জোয়ারদার ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত সমস্যা নিরসনকল্পে ভিসি আব্দুল হামিদের সভাপতিত্বে গত ২৪ ফেব্রুয়ারি একটি লিয়াজোঁ কমিটি গঠিত হয়। সেই কমিটির আহবানে বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্র ঐক্যের সঙ্গে গত ১১ মার্চ সমস্যা সমাধানের লক্ষ্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। কিন্তু এ বৈঠকের সমস্ত আয়োজনই ব্যর্থ হয়। ছাত্রঐক্যের একমাত্র দাবি ভিসি আব্দুল হামিদের অপসারণ ছাড়া কোন সমস্যার সমাধান হবে না। যতদিন পর্যন্ত রাজাকার ভিসি আব্দুল হামিদকে অপসারণ না করা হবে ততদিন সর্বদলীয় ছাত্র ঐক্য আন্দোলন চালিয়ে যাবে। ভিসিকে হটানোর দাবিতে সর্বদলীয় ছাত্রঐক্য


তালাবদ্ধ ভিসির কক্ষ ছবি ঃ আমানুর আমান

বিভিন্ন কর্মসূচি পালন করছে। ভিসি আব্দুল হামিদের অপসারণের দাবিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্রঐক্য বেশ কিছুকাল থেকে আন্দোলন চালিয়ে আসছে। জানা গেছে, তারা ভিসির অফিস কক্ষে গত ১২ ফেব্রুয়ারি তালাবদ্ধ করে দেয়। এরপর থেকে ভিসি তার অফিসে আর আসেন না। ছাত্র ঐক্যের নেতারা জানায়, ভিসির অনুপস্থিতির ফলে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম বিঘ্নিত কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। শূন্যতা দেখা দিচ্ছে প্রশাসনিক ক্ষেত্রে। ছাত্রঐক্য ভিসির অপসারণের দাবিতে প্রধানমন্ত্রীর কাছেও স্মারকলিপি প্রদান করেছে বলে জানান। তারা জানায়, এ সমস্যার আশু সমাধান না হলে তারা আরো বড় ধরনের আন্দোলনের ডাক দেবে।